

## 📃 আস-সফ | As-Saff | ٱلصَّف

আয়াতঃ ৬১:৩

💵 আরবি মূল আয়াত:

## كَبُرَ مَقتًا عِندَ اللهِ أَن تَقُولُوا مَا لَا تَفعَلُونَ ﴿ ٣﴾

## 🗚 অনুবাদসমূহ:

তোমরা যা কর না, তা বলা আল্লাহর নিকট বড়ই ক্রোধের বিষয়। — আল-বায়ান আল্লাহর দৃষ্টিতে এটা অত্যন্ত নিন্দনীয় ব্যাপার যে, তোমরা বলবে এমন কথা যা তোমরা কর না। — তাইসিরুল তোমরা যা করনা তোমাদের তা বলা আল্লাহর দৃষ্টিতে অতিশয় অসন্তোষজনক। — মুজিবুর রহমান

Great is hatred in the sight of Allah that you say what you do not do. — Sahih International

৩. তোমরা যা কর না তোমাদের তা বলা আল্লাহর দৃষ্টিতে খুবই অসন্তোষজনক।

তাফসীরে জাকারিয়া

- (৩) তোমরা যা কর না, তোমাদের তা বলা আল্লাহর নিকট অতিশয় অসন্তোষজনক। [1]
  - [1] এখানে আরো তাকীদ করে বলা হয়েছে যে, এই ধরনের লোকদের প্রতি আল্লাহ চরম অসম্ভুষ্ট হন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5166

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন